

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা

স্মারক নং -৪৫.১৭৪.০০২.০০.০০০.২০১১-২২৫

তারিখ : ১৬.০৬.২০১৬ খ্রিঃ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অধীন “কমিউনিটি বেইজড হেলথ কেয়ার” অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৫-১৬ অর্থবছরে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থের আরপিএ (জিওবি) খাত হতে ৪র্থ কিস্তি বাবদ ৪০৩০.৫০ লক্ষ (চল্লিশ কোটি ত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অবমুক্তি সংক্রান্ত।

জনাব,

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “কমিউনিটি বেইজড হেলথ কেয়ার” (কোড নং-৫-২৭১১-৫০৭০) শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৫-১৬ অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে আরপিএ (জিওবি) খাতের (১২.০৬.২০১৬ তারিখের ৪৫.১৭৪.০০২.০১.০০.০০০.২০১১-২১৩ সংখ্যক স্মারকে বর্ণিত অনুমোদিত বিভাজন অনুযায়ী) ৪র্থ কিস্তি বাবদ ৪০৩০.৫০ লক্ষ (চল্লিশ কোটি ত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) (রাজস্ব-৪০৩০.৫০ লক্ষ+মূলধন-০.০০ লক্ষ) টাকা অবমুক্তকরণে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

শর্তাবলী :

- (ক) এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথ ভাবে পালন করতে হবে;
- (খ) এই ব্যয় চলতি ২০১৫-১৬ অর্থ বছরের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এইচপিএনএসডিপি’র “কমিউনিটি বেইজড হেলথ কেয়ার” (কোড নং-৫-২৭১১-৫০৭০) অপারেশনাল প্ল্যান হতে বহন করা হবে;
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পন করতে হবে;
- (ঘ) ছাড়কৃত অর্থের পূনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পূনর্ভরণ নিশ্চিত করতে হবে; এবং
- (ঙ) ছাড়কৃত অর্থের ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।

২। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পন করা হয়েছে সেই অনুযায়ী এবং ১৫.০৬.২০১৬ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.২৬.২০১২-৩৪৫ নং স্মারকের সম্মতিক্রমে এই আদেশ জারি করা হলো (কপি সংযুক্ত)।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ

(ড. মো: এনামুল হক)
উপ সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

স্মারক নং -৪৫.১৭৪.০০২.০০.০০০.২০১১-২২৫/১(৮)

তারিখ : ১৬.০৬.২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. যুগ্মসচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মপ্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৪. লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, মহাখালী, ঢাকা।
৫. উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. যুগ্মসচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(ড. মো: এনামুল হক)
উপ সচিব